দর্শনা হল্ট স্টেশন রেলওয়ে পুলিশের মাদকবিরোধী অভিযানে গাঁজা সহ টিটন বিশ্বাস গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা হল্ট স্টেশনের রেলওয়ে পুলিশের মাদকবিরোধী অভিযানে টিটন বিশ্বাস (২২) কে এক কেজি গাঁজা সহ গ্রেফতার করা হয়েছে।
আটককৃত আসামী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার সফদারপুর রামনগর কালিদাশপুরের পিতা মধু বিশ্বাসের ছেলে।
পুলিশ জানায় আজ শুক্রবার খুলনা থেকে গোয়ালন্দঘাটগামী গোয়ালন্দ লোকাল মেইল ট্রেনে দর্শনা থেকে যাওয়ার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা হল্ট স্টেশন রেলওয়ে পুলিশ ইনচার্জ এস আই তবিবুর বহমান এর নেতৃত্বে ও সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে সকাল ৬.২০ ঘটিকার সময় টিটন বিশ্বাসকে (২২) এক কেজি গাঁজা সহ দর্শনা হল্ট স্টেশন প্লাটফর্ম এর উপর থেকে গ্রেফতার করা হয়।
আটককৃত আসামীর রিরুদ্ধে পোড়াদহ থানায় মাদক মামলা করা হয়েছে।

গাংনীতে জমি বিক্রয়ের নামে প্রতারণা করে ২১ লক্ষ টাকা আত্মসাৎ করার পায়তারা

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের এক ব্যাবসায়ী প্রতারণার শিকার হয়ে পথে বসে গেছে বলে জানা গেছে।

প্রতারণার শিকার ভুক্তভোগি ব্যবসায়ী গাংনী বাজারের জননী জহুরা এন্টারপ্রাইজের মালিক মৃত শের আলি মন্ডলের ছেলে মো: আবুল কালাম জানান, গাংনী পৌরসভার ৯নং ওয়ার্ড এর পশ্চিম মালসাদহ এলাকার মৃত ইয়াছিন আলীর ছেলে মো: এনামুল হক চৌগাছা মৌজার ৮৫৯৬ দাগে ৩৯ শতক জমির মধ্যে ৩০ শতক জমি ৩৩লক্ষ টাকা মূল্য নির্ধারণ করে

২১লক্ষ টাকায় বায়না করে।

গত ২০১৭ সালের জুলাই মাসের ১৭ তারিখে অ্যাডভকেট নাজমুন নাহার খানমের নিকট জমি ক্রয় সংক্রান্ত একটি বায়না নামা সম্পাদন করা হয় বলে জানান ভুক্তভোগি মো: আবুল কালাম।

বায়না নামার মাধ্যমে ৩০ শতক জমি ক্রয় বাবদ নগদ ২১ লক্ষ টাকা মো: এনামুল হক ঠান্ডুকে পরিশোধ করে পরবর্তি ২ বছরের মধ্যে বাকি ১২ লক্ষ টাকা পরিশোধ করে জমির মালিকানা রেজিষ্ট্রির মাধ্যমে মো: আবুল কালামকে বুঝিয়ে দেওয়ার কথা থাকলেও বিক্রেতা মো: এনামুল হক ঐ জমি অন্যত্র বিক্রয় করে দেয় বলে জানান ভুক্তভোগি আবুল কালাম।

পরে বাকি টাকা পরিশোধ করে জমি রেজিষ্ট্রি চাইলে বিক্রেতা ঠান্ডু ভুক্তভোগি আবুল কালামকে বিভিন্ন অজুহাতে হয়রানি দিতে থাকে বলে অভিযোগ করেন তিনি। এক পর্যায়ে জমির উপর সাইনবোর্ড লাগিয়ে রাখেন ভুক্তভোগি আবুল কালাম। কিছু দিন পর সেই সাইনবোর্ড তুলে ফেলেন বিক্রেতা এনামুল হক।

এর প্রতিবাদ জানাতে গেলে জমি বায়নাকারি এনামুল হক নানানভাবে হয়রানি দিয়ে থাকে বলে জানান আবুল কালাম ।

এ বিষয়ে কয়েক দফা বিভিন্ন মহলকে নিয়ে বসেও সুরাহা না হওয়ায় পরবির্ততে ভুক্তভোগি আবুল কালাম মেহেরপুর ম্যাজিষ্ট্রেট কোর্টে একটি মামলা দায়ের করেন। বর্তমানে সে মামলা চলমান রয়েছে বলে তিনি জানান।

ভুক্তভোগি আবুল কালাম জানান, বিভিন্ন জায়গা থেকে টাকা নিয়ে তার জমি ক্রয় করার জন্য বায়না দিয়ে এখন সে জমিও ভোগ করতে পারছিনা আবার মোটা অংকের টাকা হাতছাড়া করে ব্যবসারও চরম ক্ষতি হয়ে গেছে। টাকা হাতছাড়া হওয়ার কারণে ব্যবসা চালাতে গিয়ে নিজেস্ব ট্রাক ও কয়েকটি সম্পত্তি বিক্রয় করে এখন পথে বসে গেছেন বলে জানান তিনি।

এদিকে জানতে চাওয়া হলে বায়নাকারি এনামুল হক ঠান্ডু বলেন, আমি তার কাছে কোন জমি বিক্রয়ের জন্য টাকা নেয়নি। এনামুল হক আরও বলেন আবুল কালাম আমার জমির উপর কয়েকবার সাইনবোর্ড লাগিয়ে জমি নিজের দাবি করে সেজন্য তার সেই সাইনবোর্ড তুলে ফেলে দেওয়া হয়।

এ বিষয়ে ভুক্তভোগি আবুল কালাম সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেছেন।

[redacted]

[redacted]

১৯৮৮ সালে ঐ গ্রামের মৃত আছালতের ছেলে লতিব ও মৃত ইয়াছিনের ছেলে শুকুর আলি জমি নিজেদের বলে দাবি করে। এখবর পেয়ে ভুক্তভোগি শামসুলহুদা ১৯৮৯ সালে কোর্টে মামলা করে এবং ১৯৯১ সালের অক্টোবরের ২৮ তারিখে নিজেদের ক্রয়কৃত জমি বলে রায় পান। পরে ১৯৯২ সালে মেহেরপুর জজ কোর্টে প্রতিপক্ষরা শামসুল হুদার পক্ষে যে রায় হয় তার বিরুদ্ধে আপিল করে পরাজিত হলে ১৯৯৫ সালে ঢাকা হাইকোর্টে আবারও আপিল করলে তারা হেরে যায়। প্রতপিক্ষরা আপিল মামলায় পরাজিত হলে ২০১৫ সাল পর্যন্ত ভোগ দখল করে আসছিলেন বলে জানান ভুক্তভোগি শামসুল হুদ।

ভুক্তভোগি শামসুলহুদা আরও জানান, ২০১৫ সালে শুরুর দিকে ধর্মচাকি গ্রামের আব্দুর লতিবের ছেলে লিটন গাংনী উপজেলার তৎকালীন সহকারী কমিশনার (ভূমি) মো: দেলোয়ার হোসেনকে ভুল তথ্যের ভিত্তিতে আমাদের জমির উপরে নিয়ে যায় এবং কংক্রিটের পিলার পত্তন দেয়। হাইকোর্টের রায় এর বিষয়টি ভুমিকর্মকর্তা দেলোয়ার হোসেনকে অবহিত করলে তিনি প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে অফিসে আসতে বলেন বলে সাংবাদিকদের জানান শামসুল হুদা। এ ঘটনার পরের দিন যাবতীয় কাগজপত্র নিয়ে তার কাছে বিচার চাইতে গেলে তিনি অন্যত্র বদলি হয়ে যান।

এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) দেলোয়ার হোসেনের সাথে মোবাইল ফোনে যোগযোগ করা হলে তিনি সাংবাদিকদের বলেন, আমার কাছে অভিযোগ আসে স্থানীয় কিছু প্রভাবশালী ব্যাক্তিরা সরকারি খাস জমি ভোগ দখল করছে। এমন সংবাদের ভিত্তিতে ঐ জমি মুক্ত করতে সেখানে পরিদর্শনে যায়। তাছাড়া কোন পক্ষকে জমি দখলদালিত্ব দেওযা হয়নি।

তিনি এও বলেন, কারও ব্যাক্তি মালিকানা জমি যদি অন্য কেউ জোরপূর্বক দখল করে তাহলে প্রশাসনের সহায়তা নিতে পারে। স্থানীয় প্রশাসন তো এ বিষয়ে আইনী ব্যবস্থা নিতে পারেন।

ভুক্তভোগি শামসুল হুদা জানান, বিক্রয় কবলার মাধ্যমে ক্রয়কৃত জমি দীর্ঘ দিনধরে ভোগ দখল করে আসছি। সেখানে ধর্মচাকি গ্রামের ভ্যান চালক লতিবের ছেলে লিটনের নেতৃত্বে একই গ্রামের মৃত ইয়ার আলির ছেলে মহাবুর, মনিরুল, আব্দুর রহমানের ছেলে দাউদ, আইয়ুব, ইউনুছ, মৃত মজের আলির ছেলে হুমায়, মৃত নজরুলের ছেলে সাইফুল, মৃত নূর হোসেনের ছেলে আব্দুর কাদের, মৃত মোজাহারের ছেলে আরেজুল, মৃত ইয়াছিনের ছেলে শুকুর আলি, মৃত পিয়ার আলির ছেলে ফজলু এই ভূমিদস্যু চক্র মিলে আমাদের জমির ফসল নষ্ট করে তা দখল করে জোর করে ভোগ

করে আসছে। এর প্রতিবাদ জানাতে গেলে তারা প্রাণনাশের হুমকি দেয় বলে জানান ভুক্তভোগি শামসুল হুদা। তিনি এর সুষ্ঠ বিচার চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করেছেন।

জানতে চাইলে লতিবের ছেলে লিটন মাহমুদ বলেন, ঐ জমি খাস খতিয়ান ভুক্ত জমি তা শামসুল হুদা গং ভোগ করে আসছিল। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানালে তৎকালিন সহকারী কমিশনার (ভূমি) দেলোয়ার হোসেন আমাদের নিকট ঐ জমির দখল বুঝিয়ে দেয় বলে সাংবাদিকদের জানান লিটন মাহমুদ।

মেপ্র/ইএম

মেহেরপুরে অবৈধ ভাবে ভূগর্ভস্থ মাটি উত্তোলন করায় ৫০ হাজার টাকা জরিমানা

কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ভূগর্ভস্থ মাটি উত্তোলন করায় এক ব্যাক্তির ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুরের নির্বাহী ম্যাজিষ্ট্রেট মাঈন উদ্দীন এ জরিমানা করেন।

তিনি জানান, যাদবপুর গ্রামের মৃত আনন্দ মন্ডলের ছেলে মো: চাইনদ্দিন কে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ভূগর্ভস্থ মাটি উত্তোলন করায় বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ১৫(১) ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া একই গ্রামের জহিরুল ইসলাম বাবু এবং কোলা গ্রামের কন্টাক্টর মো: মিজানুর সহ শ্রমিকদের মুচলেকা নেয়া হয় যাতে আর কোন ভূগর্ভস্থ মাটি উত্তোলন না করে।

মেপ্র/ আরপি

[redacted]

[redacted]

একই আদেশে মামলার আসামী বাবলু কর্তৃক ধর্ষিতার সন্তান ভূমিষ্ঠ হওয়ায় ওই কন্যা সন্তানকে মাতৃকুলের কোন আত্মীয় কাছে রেখে মানুষ করতে পারবে বলে আদালত সিদ্ধান্ত দেন। ওই কন্যা সন্তান পিতা-মাতা উভয়েরই পরিচয় পরিচিত হবে বলে আদালত সিদ্ধান্ত দেন।

ওই কন্যার বিবাহ পর্যন্ত তার ভরণপোষণ রাষ্ট্র বহন করবে বলেও রায়ে উল্লেখ করা হয়। ওই কন্যা সন্তানের ভরণপোষণের প্রদেয় অর্থ সরকার আসামী বাবলুর নিকট থেকে আদায় করতে পারবে বলে জানানো হয়।

একই সাথে তার বিদ্যমান সম্পদ থেকে আদায় করা সম্ভব না হলে ভবিষ্যতে তিনি যে সম্পদের মালিক বা অধিকারী হবেন সে সম্পদ থেকে তার আদায় হবে। মামলার রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজি শহীদ এবং আসামীপক্ষে অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন কৌশলী ছিলেন।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

“মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” মাদক, জঙ্গীবাদ, সন্ত্রাস নারী ও শিশু নির্যাতন কে ‘না’ বলুন শ্লোগানে ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে সদর উপজেলার গান্না ইউনিয়নের চন্ডিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে ৬নং গান্না ইউনিয়ন কমিউনিটি পুলিশিং কমিটি।

সভায় গান্না ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিথার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা

বদরুদ্দোজা শুভ, সদর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হিরণ, পৌর আওয়ামী লীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাসসহ প্রমুখ।

মতবিনিময় সভায় উপস্থিত সাধারণ জনতার বিভিন্ন অভিযোগের জবাব ও মতামত প্রদান করেন প্রধান অতিথি পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

মেপ্র/ আরপি

কুষ্টিয়ায় রোহিঙ্গা তরুণী আটক

কুষ্টিয়ায় এক রোহিঙ্গা তরুণীকে আটক করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নের শালদহ গ্রামের একটি বাড়ি থেকে গোয়েন্দা পুলিশ (ডিবি) তাঁকে আটক করে।

আটককৃত ওই তরুণীর নাম উম্মুল খায়ের (২২)। তিনি মিয়ানমারের মংডুর ফজল হকের মেয়ে। মিয়ানমার থেকে পালিয়ে এসে তরুণীর পরিবার কক্সবাজারের উখিয়ার ট্যাংকখালী ১৭ নম্বর ক্যাম্পে বসবাস করে আসছিলো।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার গোলাম সবুর জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ওই রোহিঙ্গা তরুণীসহ দুজনকে আটক করা হয়। পরে তাঁদের গোয়েন্দা কার্যালয়ে নেওয়া হয়।

তিনি জানান, ২৫ জানুয়ারি তিনি সেখান থেকে কুষ্টিয়ার এক যুবকের সঙ্গে এখানে চলে আসেন। তবে তদন্তের স্বার্থে যুবকের পরিচয় গোপন রাখা হচ্ছে। তরুণীকে কুতুপালং ক্যাম্পে পাঠানো হবে বলেও জানান তিনি।

মেপ্র/ আরপি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে ইট ভাটায় দেড় লক্ষ টাকা জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুরে অবৈধভাবে গড়ে উঠা রিপন বিক্সে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়া ইট প্রস্তুত এবং ভাটা স্থাপন ও নিয়ন্ত্রণ আইনে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দেড় লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলার সাফদারপুর মকসেদ মোড়ে রিপন বিক্সে উপজেলা প্রশাসনের নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজনীন সুলতানার নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করা হয়।

অন্যদিকে পৌর শহরের পুথিঘর লাইব্রেরীতে অবৈধ গাইট নোট বিক্রির অভিযোগে দুই হাজার টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমান আদালত। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজনীন সুলতানা জানান, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়া জ্বালানীর জন্য অবৈধভাবে গাছ কেটে পোড়ানোর দায়ে রিপন ব্রিক্সে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভাটার মালিক আজিজুল হককে ইট প্রস্তুত এবং ভাটা স্থাপন ও নিয়ন্ত্রণ আইনে নগদ দেড় লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে এই অভিযান অব্যহত থাকবে বলেও জানান নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সার্টিফিকেট পেশকার মোহাম্মদ আল-মামুন সহ থানা পুলিশের সদস্যরা।

মেপ্র/ আরপি

মেহেরপুরে শোলমারী মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরন ও এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিদ্যালয় প্রাঙ্গণে দিন ব্যাপী এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ মনিরুল ইসলাম।

সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সহিদ সাদেক হোসেন বাবলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ গোলাম মোস্তফা মোঃ ইমতিয়াজ আহমেদ মিরন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের মেম্বার এবং মোঃ আক্তার হোসেন।

বিদায়ী ছাত্র ছাত্রীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন টুটুল ইসলাম ইসলাম ও শাওন আহমেদ।

পরে নবীনদের ফুল দিয়ে বরণ এবং এসএসসি বিদায়ী ছাত্র-ছাত্রীদের সকল পরীক্ষার উপকরণ দেওয়া হয়।

মেপ্র/এমএফআর